

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৬১

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - মক্কায় প্রবেশ করা ও তাওয়াফ প্রসঙ্গে

بَابُ دُخُوْلِ مَكَّةَ وَالطَّوَافِ

### আরবী

عَنْ نَافِعٍ قَالَ: إِنَّ ابْنَ عُمَرَ كَانَ لَا يَقْدَمُ مَكَّةَ إِلَّا بَاتَ بِذِي طُوًى حَتَّى يُصبْبِحَ وَيَغْتَسِلَ وَيُصلِّيَ فَيَدْخُلَ مَكَّةَ نَهَارًا وَإِذَا نَفَرَ مِنْهَا مَرَّ بِذِي طُوًى وَبَاتَ بِهَا حَتَّى يُصبْبِحَ وَيَذْكُرُ أَنَّ وَيُصلِّيَ فَيَدْخُلَ مَكَّةَ نَهَارًا وَإِذَا نَفَرَ مِنْهَا مَرَّ بِذِي طُوًى وَبَاتَ بِهَا حَتَّى يُصبْبِحَ وَيَذْكُرُ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَفْعَلُ ذَلِكَ

#### বাংলা

২৫৬১-[১] নাফি' (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) যখনই মক্কায় আসতেন 'যী তুওয়া' নামক স্থানে সকাল না হওয়া পর্যন্ত রাত যাপন করতেন। এরপর তিনি গোসল করতেন এবং (নফল) সালাত (সালাত/নামাজ/নামায) আদায় করতেন। তারপর দিনের বেলায় মক্কায় প্রবেশ করতেন যখন তিনি মক্কা হতে প্রত্যাবর্তন করতেন আর তখন 'যী তুওয়া'র পথেই ফিরতেন এবং সেখানে রাত কাটাতেন যতক্ষণ না সকাল হতো এবং তিনি আরো বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপই করতেন। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৭৬৯, মুসলিম ১২৫৯, আবূ দাউদ ১৮৬৫, আহমাদ ৪৬৫৬, দারিমী ১৯৬৮, সুনানুল কুবরা লিল বায়হাকী ৯১৯৯, ইরওয়া ১৫০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلَّا بَاتَ بِذِيْ طُوًى) "তিনি 'যী তুওয়া'-এ রাত যাপন করতেন।" অর্থাৎ- ইবনু 'উমার (রাঃ) যখনই মক্কাতে আগমন করতেন তখন 'যী তুওয়া' নামক স্থানে অবতরণ করে সেখানে রাত যাপন করতেন।

ইমাম নাবাবী (রহঃ) বলেনঃ তা মক্কার নিকটবর্তী অতি পরিচিত একটি স্থানের নাম। হাফিয ইবনু হাজার বলেনঃ বর্তমানে ঐ স্থানটি "বি'রি যা-হির" (বাহির কূপ) নামে পরিচিত।



(حَتَّى يُصْبِح) "সকাল পর্যন্ত"। অর্থাৎ- তিনি 'যী তুওয়া' নামক স্থানে অবতরণ করে বিশ্রাম নেয়া এবং গোসল করে পরিষ্কার হওয়ার নিমিত্তে রাত যাপন করতেন। অতঃপর ভোর হলে গোসল করে পরিষ্কার-পরিচ্ছন্ন হতেন।

ইমাম নাবাবী বলেনঃ অত্র হাদীস প্রমাণ করে যে, মক্কায় প্রবেশ করার জন্য গোসল করা বিধিসম্মত। আর 'যী তুওয়া' দিয়ে আগমনকারীর জন্য ঐ স্থানে গোসল করা মুস্তাহাব।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন